

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭:৩৩

💵 আরবি মূল আয়াত:

قَالُوا نَحنُ أُولُوا قُوَّةٍ وَّ أُولُوا بَاسٍ شَدِيدٍ وَّ الاَمرُ اِلَيكِ فَانظُرِى مَاذَا تَامُرينَ ﴿٣٣﴾

তারা বলল, 'আমরা শক্তিশালী ও কঠোর যোদ্ধা, আর সিদ্ধান্ত আপনার কাছেই। অতএব চিন্তা করে দেখুন, আপনি কী নির্দেশ দেবেন'। — আল-বায়ান

তারা বলল- 'আমরা শক্তির অধিকারী ও কঠোর যোদ্ধা, কিন্তু সিন্ধান্ত গ্রহণের অধিকারী আপনিই, কাজেই চিন্তা করে দেখুন, আপনি কী আদেশ করবেন।' — তাইসিরুল

তারা বললঃ আমরাতো শক্তিশালী ও কঠোর যোদ্ধা; তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আপনারই। কি আদেশ করবেন তা আপনি ভেবে দেখুন। — মুজিবুর রহমান

They said, "We are men of strength and of great military might, but the command is yours, so see what you will command." — Sahih International

৩৩. তারা বলল, আমরা তো শক্তিশালী ও কঠোর যোদ্ধা; তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আপনারই, কি আদেশ করবেন তা আপনি ভেবে দেখুন।

তাফসীরে জাকারিয়া

- (৩৩) ওরা বলল, 'আমরা তো শক্তিশালী ও কঠোর যোদ্ধা;[1] তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আপনারই, কি আদেশ করবেন, তা আপনি ভেবে দেখুন।' [2]
 - [1] অর্থাৎ, আমাদের শক্তি ও অস্ত্র-শস্ত্র রয়েছে এবং যুদ্ধের সময় আমরা বীরত্বের সাথে লড়ার ক্ষমতাও রাখি। এই জন্য নতি স্বীকার করা ও দমিত হওয়ার কোন প্রয়োজন নেই।
 - [2] যেহেতু, আমরা আপনার অনুগত, আপনি যে আদেশ করবেন, আমরা তা মান্য করব।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3192

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন